



ওসমান হাদি হত্যাকাণ্ড ভয়াবহ সহিংসতার নজির: হিউম্যান রাইটস ওয়াচ



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির হত্যাকাণ্ডকে অত্যন্ত নৃশংস ও উদ্বেগজনক ঘটনা হিসেবে আখ্যায়িত করেছে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ)। শুক্রবার (১৯ ডিসেম্বর) লন্ডন থেকে প্রকাশিত এক বিবৃতিতে সংস্থাটি এ হত্যার তীব্র নিন্দা জানায়। বিবৃতিতে একই সঙ্গে দেশের শীর্ষ দৈনিক প্রথম আলো ও দ্য ডেইলি স্টারের কার্যালয়ে হামলাকে মতপ্রকাশের স্বাধীনতার ওপর সরাসরি ও নগ্ন আক্রমণ বলে উল্লেখ করা হয়। সাংবাদিকদের ওপর এ ধরনের সহিংসতাকে গণতান্ত্রিক সমাজের জন্য মারাত্মক হুমকি বলেও মন্তব্য করে সংস্থাটি। এইচআরডব্লিউর এশিয়া অঞ্চলের উপপরিচালক মীনাঙ্কী গাঙ্গুলী বলেন, ওসমান হাদির হত্যাকাণ্ড বাংলাদেশের চলমান সহিংসতার ভয়াবহ রূপ প্রকাশ করে। আগস্টের পর থেকে সহিংসতা ছড়িয়ে পড়ায় তা নিয়ন্ত্রণে আনতে বাংলাদেশ সরকারকে অবিলম্বে কার্যকর পদক্ষেপ নিতে হবে। তিনি আরও বলেন, আগামী ফেব্রুয়ারিতে অনুষ্ঠেয় অবাধ, সূষ্ঠ ও অংশগ্রহণমূলক নির্বাচন নিশ্চিত করতে নিরাপদ ও সহনশীল রাজনৈতিক পরিবেশ তৈরি করা জরুরি। প্রথম আলো ও ডেইলি স্টারের কার্যালয়ে হামলা প্রমাণ করে, দেশে মতপ্রকাশের স্বাধীনতা গুরুতর ঝুঁকির মুখে। বিবৃতিতে উল্লেখ করা হয়, সামাজিক যোগাযোগমাধ্যমসহ বিভিন্ন প্ল্যাটফর্মে রাজনৈতিক উসকানি সহিংসতাকে উস্কে দিচ্ছে, যার ফলে সাংবাদিক, রাজনৈতিক ও সামাজিক কর্মী, শিল্পী ও সাংস্কৃতিক অঙ্গনের মানুষরা ক্রমেই অনিরাপদ হয়ে পড়ছেন। হিউম্যান রাইটস ওয়াচ বাংলাদেশ সরকারের প্রতি গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা, মানবাধিকারের প্রতি শ্রদ্ধা নিশ্চিত করা এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে দৃঢ় ও কার্যকর উদ্যোগ নেওয়ার আহ্বান জানিয়েছে।